# কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা।

স্মারক নং: কু.বি./নজরুল বর্ষ উদ্‌যাপন কমিটি/বিজ্ঞপ্তি-০১ তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি.

**প্রাপক,**

**বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান**
**সকল বিভাগ, কু.বি.।**

**বিষয়: "নজরুল বর্ষ" উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।**

**জনাব,**
উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, 'নজরুল বর্ষ' উদ্‌যাপন উপলক্ষে কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির ব্যবস্থাপনায় বিভিন্ন প্রতিযোগিতা আগামী ১৬ ও ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখে কলা ও মানবিক অনুষদে অনুষ্ঠিত হবে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার বিভাগের ইভেন্ট ভিত্তিক সর্বোচ্চ ৩ (তিন) জন শিক্ষার্থীর নামের তালিকা (শিক্ষাবর্ষ ও আইডিসহ) সংশ্লিষ্ট ডিন মহোদয়ের সুপারিশসহ আগামী ১৪/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে কলা ও মানবিক অনুষদের ডিন কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করছি।

**বি. দ্রঃ নির্ধারিত তারিখের মধ্যে আপনার বিভাগ হতে শিক্ষার্থীদের তালিকা পাওয়া না গেলে ধরে নেয়া হবে আপনার বিভাগ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে না।**

**প্রতিযোগিতার ইভেন্টসমূহ:**
০১। নজরুল সংগীত (যেকোনো)
০২। নজরুলের কবিতা আবৃত্তি (যেকোনো)
০৩। অভিনয় (নজরুল সাহিত্য ভিত্তিক)
০৪। নৃত্য (নজরুল সংগীত ভিত্তিক)
০৫। উপস্থিত বক্তৃতা (সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে)

**নিয়মাবলি:**
০১। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩ (তিন) টি ইভেন্ট/প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
০২। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভাবে নির্বাচিত ১ম স্থান অধিকারী শিক্ষার্থীগণ কেন্দ্রীয় পর্যায়ে অংশগ্রহণ করবে। প্রতি ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হবে।
০৩। অংশগ্রহণকারী প্রতিযোগীকে নির্ধারিত তারিখ ও সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত থাকতে হবে।

০৭/০৯/২০২৬

**অধ্যাপক ড. মুহাম্মদ শামসুজ্জামান মিলকী**
ডিন, কলা ও মানবিক অনুষদ
ও
আহ্বায়ক
নজরুল বর্ষ উদ্‌যাপন কমিটি, কু.বি.।

অনুলিপি: **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**
০১। ডিন (বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/আইন/প্রকৌশল/বিজনেস স্টাডিজ) অনুষদ, কু.বি.।
০২। বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান (ইংরেজি/বাংলা/গণিত/পদার্থবিজ্ঞান/রসায়ন/পরিসংখ্যান/ফার্মেসী/অর্থনীতি/ লোক প্রশাসন/ নৃবিজ্ঞান/প্রত্নতত্ত্ব/গণযোগাযোগ ও সাংবাদিকতা/ব্যবস্থাপনা শিক্ষা/এআইএস/মার্কেটিং/ফিন্যান্স এন্ড ব্যাংকিং/সিএসই/আইসিটি/আইন) বিভাগ, কু.বি.।
০৩। পরিচালক, আইসিটি সেল, কু.বি.। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), কু.বি.। (অফিসিয়াল ফেসবুক পেইজে প্রকাশের জন্য)
০৫। পি এস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), উপাচার্য দপ্তর, কু.বি.।
০৬। পি এস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), উপ-উপাচার্য দপ্তর, কু.বি.।
০৭। পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ট্রেজারার দপ্তর, কু.বি.।